

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৭২৩

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ মহানবী (্ৠঃ) এর বৈশিষ্ট্যাবলী

## আরবী

عَنْ أَبِىْ هُرَيْرَةَ قَالَ قَالَ أَبُو جَهْلِ هَلْ يُعَفِّرُ مُحَمَّدٌ وَجْهَهُ بَيْنَ أَظْهُرِكُمْ قَالَ فَقِيلَ نَعَمْ فَقَالَ وَاللَّآتِ وَالْعُزَّى لَئِنْ رَأَيْتُهُ يَفْعَلُ ذَٰلِكَ لأَطَأَنَّ عَلَى رَقَبَتِهِ أَوْ لأُعَفِّرَنَّ وَجْهَهُ فِى التُّرَابِ قَالَ فَأَتَى رَسُوْلَ اللهِ عَلَيْ فَعُلُ ذَٰلِكَ لأَطَأَنَّ عَلَى رَقَبَتِهِ قَالَ فَمَا فَجِئَهُمْ مِنْهُ إِلاَّ وَهُو فَأَتَى رَسُوْلَ اللهِ عَلَيْ وَهُو يُصلِّى زَعَمَ لِيَطأَ عَلَى رَقَبَتِهِ قَالَ فَمَا فَجِئَهُمْ مِنْهُ إِلاَّ وَهُو يَنْكِصُ عَلَى عَقِبَيْهِ وَيَتَّقِى بِيَدَيْهِ قَالَ فَقِيلَ لَهُ مَا لَكَ فَقَالَ إِنَّ بَيْنِي وَبَيْنَهُ لَخَنْدَقًا مِنْ نَارٍ وَهُولًا وَأَجْنِحَةً فَقَالَ رَسُولُ اللهِ عَلَيْ لَيْ لَوْ دَنَا مِنِي لاَخْتَطَفَتْهُ الْمَلاَئِكَةُ عُضْوًا عُضْوًا

## বাংলা

(২৭২৩) আবৃ হুরাইরা (রাঃ) কর্তৃক বর্ণিত, একদা আবৃ জাহ্ল বলল, 'তোমাদের সামনে কি মুহাম্মাদ নিজ চেহারা মাটিতে রাখে?' বলা হল, 'হ্যাঁ।' সে বলল, 'লাত-উয্যার কসম! আমি যদি তাকে তা করতে দেখি, তাহলে তার ঘাড়ে পা রেখে দলব। অথবা তার চেহারাকে মাটিতে রগড়ে দেব।' অতঃপর এক সময় সে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এল, তখন তিনি নামায পড়ছিলেন। সে তাঁর ঘাড়ে পা রেখে দলার ইচ্ছা করল। কিন্তু অকম্মাৎ লোকেরা দেখল, সে পশ্চাদ্পদ হয়ে ফিরে আসছে এবং নিজ দুই হাত দিয়ে নিজেকে বাঁচাবার চেষ্টা করছে। তারা তাকে কারণ জিজ্ঞাসা করলে সে বলল, 'আমার ও ওর মাঝে আগুনের পরিখা, বিভীষিকা ও পক্ষরাজি ছিল।' রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ও যদি আমার নিকটবর্তী হতো, তাহলে ফিরিশতা ওর অঙ্গ-প্রত্যঙ্গকে ছিন্ন-বিচ্ছিন্ন করে দিতেন।

## ফটনোট

(মুসলিম ৭২৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন